

উপজেলাপরিষদ ,কটিয়াদী, কিশোরগঞ্জ এর মৎস্য বিভাগীয় স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকটিয়াদী ,কিশোরগঞ্জ  
 সভারস্থান : সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের দপ্তর, কটিয়াদী ,কিশোরগঞ্জ  
 সভারতারিখ : ২৮/১০/২০২১ সময়: বিকাল ৩:০০ ঘটিকা

সভায় উপস্থিতির স্বাক্ষর:-

ক্র. নং	নাম	পদবী	স্বাক্ষর
১	রোকসানা	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ	স্বাক্ষরিত
২	রোজাউল করিম শিকদার	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ	স্বাক্ষরিত
৩	ডা. মোহাম্মদ উসমান গনি	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কটিয়াদী, কিশোরগঞ্জ	স্বাক্ষরিত
৪	মুহাম্মদ দেলোয়ার হোসাইন	সিনি. উপজেলা মৎস্যঅফিসার কটিয়াদী, কিশোরগঞ্জ	স্বাক্ষরিত

সভার আলোচ্য সূচী:


- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। মৎস্যবিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা।
- ৩। পরিবেশ বান্ধব উত্তম মাছ চাষ অনুশীলন বিষয়ক উদ্বুদ্ধকরণ সভা আয়োজন
- ৪। বিবিধ।

মৎস্য বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব রোকসানা, মহিলা ভাইসচেয়ারম্যান, উপজেলাপরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ মহোদয়ের এর সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু হয়। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	আলোচ্য সূচী-১ মোতাবেক সভার প্রথমেই কমিটির সদস্যসচিব সিনিয়র উপজেলা মৎস্যকর্মকর্তা, কটিয়াদী কিশোরগঞ্জ বিগত সভার কার্যবিবরণী পাঠকরে শুনান।	সর্বসম্মতিক্রমে বিগত সভার কার্য বিবরণী অনুমোদিত হয়	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার কটিয়াদী, কিশোরগঞ্জ।
২	আলোচ্য সূচী-২ অনুযায়ী সিনিয়র উপজেলা মৎস্য অফিসার জানান যে, মৎস্য অধিদপ্তরের জলাশয় প্রকল্প এবং ইউনিয়ন প্রকল্প সমাপ্ত হয়েছে। বিভাগীয় রুটিন কার্যক্রমের পাশাপাশি এনএটিপি-২ প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	সভায় কার্যক্রম নিয়ে সন্তুষ্টি প্রকাশ করা হয় এবং কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	ঐ
৩	আলোচ্য সূচী-৩ অনুযায়ী সিনিয়র উপজেলা মৎস্য অফিসার জানান যে, কটিয়াদী উপজেলায় বিভিন্ন মৎস্যখামারে পোলট্রি শেড বিদ্যমান এবং খামারিগণ মুরগীর বিষ্ঠা ব্যবহার করেন যা স্বাস্থ্য সম্মত নয়। মুরগীর বিষ্ঠা ব্যবহার রোধের নিমিত্ত ইউনিয়ন প্যায়ে উদ্বুদ্ধকরণ সভার মাধ্যমে পরিবেশ বান্ধব উত্তম মাছ চাষ অনুশীলন চাষীদের মাঝে প্রচারণা সচেনতা সৃষ্টি প্রয়োজন।	উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং বিষয়টি উপজেলা পরিষদের সভায় উপস্থাপন এবং প্রয়োজনীয় অর্থ বরাদ্দ পেলে কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট ইউপিচেয়ারম্যান, মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কীয় স্থায়ী কমিটি ও সিনিয়র উপজেলা মৎস্য অফিসার।

সং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
	বিবিধ আলোচনায় সিনিয়র উপজেলা মৎস্য অফিসার জানান যে, বর্তমান মাছ মৎস্যজাত দ্রব্যে ফরমালিনের ব্যবহার নাই তবে এবিষয়ে সকলকে সচেতন থাকতে হবে।	দৈবচয়ন পদ্ধতিতে মাছে ফরমালিনের উপস্থিতি পিরীক্ষার সিদ্ধান্ত গৃহীত হয় এবং জনপ্রতিনিধিদের সার্বিক সহযোগিতা কামনা করা হয়।	উপজেলা মৎস্যবিভাগ ও উপজেলা প্রশাসন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



রোকসানা  
সভাপতি


মৎস্য বিভাগীয় স্ট্যান্ডিং কমিটি ও  
মহিলা ভাইস চেয়ারম্যান,  
উপজেলা পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ।

স্মারকনং: ৩৩.০২.৪৮৪৫.৫০১.১৮.০০১.১৯.১১১(৪)

২৮/১০/২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ৩। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ৪। অফিসকপি।



মুহাম্মদ দেলোয়ার হোসাইন  
সদস্যসচিব,  
মৎস্য বিভাগীয় স্ট্যান্ডিং কমিটি  
ও  
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা  
কটিয়াদী, কিশোরগঞ্জ।